গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৭-০৪-২০১৬ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (মার্চ/২০১৬ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : সকাল ০৮.৩০ ঘটিকা।
তারিখ : ২৭ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-‘ক’ ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনাঃ**

**১। আলোচ্য বিষয়-১:** ৩১-০৩-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ৩১-০৩-২০১৬ তারিখে অনুষ্ঠিত ফেব্রুয়ারী, ২০১৬ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ৩১-০৩-২০১৬ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-প্রধান<br>পরিকল্পনা ও উন্নয়ন। |

**২। আলোচ্য বিষয়-২:** ৩১-০৩-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ৩১-০৩-২০১৬ তারিখে অনুষ্ঠিত ফেব্রুয়ারী, ২০১৬ সময়ের এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে উপ-প্রধান সভাকে অবহিত করেন যে, বিদ্যমান ২০১৫-১৬ অর্থ বছরের এডিপি’র সবুজ পাতায় অর্ন্তভূক্ত নতুন প্রকল্পের ডিপিপি তৈরীর ক্ষেত্রে সমাপ্ত আইকিউএইচডিপি’র নির্মিত অবকাঠামোসমূহের রক্ষণাবেক্ষণ কার্যক্রম ও প্রকল্পের সম্ভব্যতা যাচাইয়ের লক্ষ্যে ইতোমধ্যে ডঃ মোঃ সালেহ আহম্মেদ-কে বিশেষজ্ঞ সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করে ৬ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে এবং উক্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে নতুন ১২টি অফিস কাম ট্রেনিংও প্রসেসিং সেন্টার অন্তর্ভূক্ত করে প্রকল্প প্রস্তাব তৈরি হয়েছে। যা অনুমোদনের জন্য মহাপরিচালকের দপ্তরে উপস্থাপন করা হয়েছে। অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত সবুজ পাতায় অন্তর্ভূক্ত প্রকল্পের জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে পত্র দেয়া হয়েছে। খুলনা জেলায় নির্মিত অফিস কাম ট্রেনিং এন্ড প্রসেসিং সেন্টার ভবনের পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়টি বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়, খুলনা, জেলা বাজার

কর্মকর্তার কার্যালয়, খুলনা এর সংশ্লিষ্ট খাতে বরাদ্দ এবং প্রশিক্ষণ সেন্টার ব্যবহারের আয় থেকে সমন্বয় করে নির্বাহ করাসহ এবং ট্রেনিং সেন্টারগুলো চালুকরণের ক্ষেত্রে কার্যকরী উদ্যেগ গ্রহণ করা হয়েছে। নব নির্মিত খুলনা ট্রেনিং সেন্টারে গাড়ীর গ্যারেজ তৈরীর নিমিত্ত স্থান চিহিত করার জন্য স্থানীয় পর্যায়ে যোগাযোগ অব্যহত আছে। খুলনা ব্যতীত অন্যান্য ভবনের হস্তান্তর গ্রহণ প্রতিবেদন দাখিল করা হয়েছে। সভায় খুলনা ভবন হস্থান্তর গ্রহণ সম্পর্কিত প্রতিবেদন জরুরী ভিত্তিতে আগামী ১৫ দিনের মধ্যে দাখিল করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন ডাকবাংলা বাজার ও শৈলকূপা উপজেলার গাড়াগঞ্জে শস্যগুদাম পরিচালনা কমিটি ও উপদেষ্টা কমিটি ইতোমধ্যে গঠন করা হয়েছে। ব্যাংক ঋণের জন্য স্থানীয় অগ্রণী ব্যাংকের সাথে গ্রুপের লিংকেজ স্থাপন করা হয়েছে এবং এবিষয়ে গুদাম পরিচালনা কমিটির সদস্যদের সাথে স্থানীয় ব্যাংকের মতবিনিময় করানো হয়েছে। শস্য জমা রাখার বিপরীতে ব্যাংক ঋণের আবেদন করলে ঋণ প্রদানের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক জানানো হয়েছে । ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলাধীন গাড়াগঞ্জ বাজারে ০১টি নতুন শস্যগুদামের মেরামত ও সংস্কার কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং প্রকল্প বাস্তবায়নে যাবতীয় কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে। স্টিয়ারীং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের মেয়াদকাল ০১ বছর বৃদ্ধির যাবতীয় কার্যক্রম প্রকল্প পরিচালক (বিএডিসি) কর্তৃক গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ২০/০৩/২০১৬ ইং তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপত্বিতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। ২০/০৩/২০১৬ ইং তারিখে ডিপিইসি সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্প পরিচালক (বিএডিসি) কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্পের প্রতিনিধি সহকারী পরিচালক সভাকে জানান যে, বিদ্যমান কর্ম পরিকল্পনা অনুযায়ী নিদৃষ্ট সময়ের মধ্যে এসেম্বল সেন্টারগুলোর নির্মাণ কাজ শেষ করার কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। চুনখোলা বাজারে স্থানীয় প্রশাসনের সহায়তায় অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে এবং নির্মাণ কাজ চলমান আছে। প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালুর লক্ষ্যে গুদাম রক্ষক নিয়োগের জন্য বিজ্ঞাপন দেয়া হয়েছে। আগামী ২০১৬-১৭ অর্থবছরে নির্মাণযোগ্য এসেম্বল সেন্টারের জন্য সকল ধরনের প্রাথমিক কাজ চূড়ান্ত করার লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত আছে। কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার সর্বাত্মক উদ্যোগ গ্রহণ এবং নিয়মিত প্রকল্প বাস্তবায়ন মনিটরিং অব্যাহত আছে।

সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ)-এর প্রকল্প পরিচালক (অতিঃ দাঃ) সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও সিলেটে এ্যাসেম্বল সেন্টার-এর জন্য স্থান নির্বাচন সম্পন্ন হয়েছে এবং দ্রুততম সময়ে MOU স্বাক্ষর করা হবে। গত ১১-১২ এপ্রিল/২০১৬ তারিখ ইন-হাউজ-প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। গাড়ী ক্রয়ের কার্যাদেশ দেয়া হয়েছে। প্রশিক্ষণ প্রদান, কৃষক বিপণন দল গঠন, আউট সোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের কার্যক্রম অব্যাহত আছে। স্থাপত্য নকশা প্রণয়নের জন্য স্থাপত্য অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। এতদ্‌বিষয়ে ইতোমধ্যে সিলেট বিভাগের জেলাসমূহের ডিএমও/এমআইগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

সমাপ্ত “ফার্মার’স মার্কেটিং গ্রুপ (এফএমজি) শক্তিশালীকরণের মাধ্যমে উত্তর-পশ্চিমাঞ্চলে নির্মিত মার্কেটসমূহের বিপণন সেবা জোরদারকরণ কর্মসূচীর” কর্মসূচী পরিচালক সভায় জানান যে, সমাপ্ত কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছিল তার পুর্নাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়ে নিয়মিত তদারকী করা হচ্ছে। ইতোপূর্বে মার্কেট প্রতিনিধিকে প্রদত্ত ব্যানার ও মার্কেটে রক্ষিত ওজন পরিমাপক যন্ত্র গুলো সঠিক ভাবে ব্যবহৃত হচ্ছে। এনসিডিপি’র আওতায় নির্মিত বন্ধ মার্কেটগুলি চালু করার কার্যক্রম অগ্রসর হচ্ছে ইতোমধ্যে কয়েকটি মার্কেট চালু হয়েছে।

বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী ” কর্মসূচী পরিচালক সভায় জানান যে, ২০১৫-১৬ অর্থ বছরের ১৮.০০ লক্ষ টাকা বরাদ্দ অনুমোদন ও ১ম কিস্তি বাবদ ৪.৫০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন এবং পূর্ববর্তী সভার যে সকল সিদ্ধান্ত এখন পর্যন্ত বাস্তবায়িত হয়নি সেগুলো বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেওয়া হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.১ | পূর্ববর্তী সকল সভার যে সমস্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়নি তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

**৩। আলোচ্য বিষয়-৩:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

**৩.১:** সভাকে অবহিত করা হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরে এডিপিতে ৩টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে মোট ৫৫১.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। ৩টি প্রকল্পের ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ মোট ৪০৮.৯০ লক্ষ টাকা ছাড় পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দের বিপরীতে মার্চ/২০১৬ পর্যন্ত সর্বমোট ৩২৮.৭১ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৫৯.৬৬%। এছাড়াও “বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী” আওতায় ২০১৫-১৬ অর্থ বছরে ১৮.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। গত ২৭-০৩-২০১৬ তারিখে ১ম কিস্তি বাবদ ৪.৫০ লক্ষ টাকা ছাড় করা হয়। কিন্তু অর্থ ছাড়ের বিলম্ব ও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে ছাড়কৃত অর্থের পৃষ্টাংকন না হওয়ায় মার্চ/২০১৬ পর্যন্ত কোন অর্থ ব্যয় করা হয়নি।

**৩.২: সমাপ্ত সমন্বিত মানসম্পন্ন উদ্যান উন্নয়ন-২য় পর্যায় (১ম সংশোধিত) (ডিএএম অংগ)** প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামোসমূহকে অন্তর্ভূক্ত করে এবং প্রকল্পের সম্ভব্যতা যাচাইয়ের কমিটির Feasibility study প্রতিবেদন ও IRR, BCR, NVR ইত্যাদি বিষয়গুলো সঠিকভাবে সংযুক্ত করে নতুন একটি ডিপিপি’র খসড়া ২৭/০৪/২০১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। নব নির্মিত খুলনা ট্রেনিং সেন্টারে গাড়ীর গ্যারেজ স্থাপনের জন্য উপযুক্ত স্থান চিহিত করার জন্য স্থানীয় পর্যায়ে যোগাযোগ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে পুনরায় পরামর্শ প্রদান করা হয়। অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত সবুজ পাতায় প্রকল্প ভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে প্রেরিত পত্রের আলোকে সংক্ষিপ্ত আকারে একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য বিভাগীয় উপ-পরিচালকদের নির্দেশনা প্রদান করা হয়। আইকিউএইচডিপি’র প্রকল্পের আওতায় নির্মিত খুলনা ও রংপুর ট্রেনিং সেন্টারের পরিস্কার পরিচ্ছন্নতার ব্যয় উক্ত সেন্টারের আয় হতে নির্বাহ করতে হবে এবং ট্রেনিং সেন্টারগুলো চালুকরণের ক্ষেত্রে কার্যকরী উদ্যেগ গ্রহণ করতে পুনরায় নির্দেশনা প্রদান করেন। অধিদপ্তরের সকল ট্রেনিং সেন্টারের ভাড়া ও সার্ভিস চার্জ আগামী জুলাই/২০১৬ মাসে পুর্ণনিধারন ও ট্রেনিং সেন্টার ব্যবহারে বিদ্যমান নির্দেশিকা সংশোধন করার লক্ষ্যে একটি প্রতিবেদন প্রদান করার জন্য প্রশিক্ষন ও সমন্বয় শাখাকে নির্দেশনা প্রদান করা

হয়। সভাপতি প্রকল্পের ভবন হস্তান্তর গ্রহণ সম্পর্কিত প্রতিবেদন জরুরী ভিত্তিতে আগামী ১৫ দিনের মধ্যে দাখিল করতে পুনরায় নির্দেশ দেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.২.১** | এডিপি'র সবুজ পাতায় অর্ন্তভূক্ত প্রকল্পে সমাপ্ত আইকিউএইচডিপি'র নির্মিত অবকাঠামোসমূহকে অন্তর্ভূক্ত করে প্রকল্পের সম্ভব্যতা যাচাইয়ের কমিটির Feasibility Study প্রতিবেদন ও IRR, BCR, NVR ইত্যাদি বিষয়গুলো সঠিকভাবে সংযুক্ত করে নতুন একটি ডিপিপি'র ২৭/০৪/২০১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উপ-প্রধান (পরিঃ ও উঃ)<br>ও<br>প্রকল্প পরিচালক<br>সমাপ্ত আইকিউএইচডিপি প্রকল্প |
| **৩.২.২** | অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত সবুজ পাতায় প্রকল্প ভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে প্রেরিত পত্রের আলোকে সংক্ষিপ্ত আকারে একটি প্রতিবেদন দাখিল করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক |
| **৩.২.৩** | খুলনা জেলায় নির্মিত অফিস কাম ট্রেনিং এন্ড প্রসেসিং সেন্টার ভবনের পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়টি বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়, খুলনা ও জেলা বাজার কর্মকর্তার কার্যালয়, খুলনা এর সংশ্লিষ্ট খাতে বরাদ্দ এবং প্রশিক্ষণ সেন্টার ব্যবহারের আয় থেকে সমন্বয় করে নির্বাহ করতে হবে এবং ট্রেনিং সেন্টারগুলো চালুকরণের ক্ষেত্রে কার্যকরী উদ্যেগ গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক, খুলনা<br>ও<br>জেলা বাজার কর্মকর্তা, খুলনা। |
| **৩.২.৪** | নব নির্মিত খুলনা ট্রেনিং সেন্টারে গাড়ীর গ্যারেজ তৈরীর নিমিত্ত স্থান চিহিত করার জন্য স্থানীয় পর্যায়ে যোগাযোগ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক<br>খুলনা |
| **৩.২.৫** | অধিদপ্তরের সকল ট্রেনিং সেন্টারের ভাড়া ও সার্ভিস চার্জ আগামী জুলাই/২০১৬ মাস হতে পুর্ণনিধারন ও ট্রেনিং সেন্টার ব্যবহারের বিদ্যমান নির্দেশিকা সংশোধন করার লক্ষ্যে একটি প্রতিবেদন পেশ করতে হবে। | উপ-পরিচালক<br>(আরইটিসি)<br>ও<br>সহকারী পরিচালক (প্রশাসন) |
| **৩.২.৬** | প্রকল্পের ভবন হস্তান্তর গ্রহণ সম্পর্কিত প্রতিবেদন জরুরী ভিত্তিতে আগামী ১৫ দিনের মধ্যে দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক,<br>আইকিউএইচডিপি (বিপণন অংগ) (সমাপ্ত) |

**৩.৩: মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন (১ম সংশোধিত) (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৫-১৬ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৮৩.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ মোট ৫৭.৯০ লক্ষ টাকা ছাড় হয়েছে এবং ছাড়কৃত অর্থের মধ্যে মার্চ,২০১৬ পর্যন্ত ৫৪.১৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা মোট বরাদ্দের ৬৫.২৪%। উপ-প্রকল্প পরিচালক (এমআইএডিপি) সভাকে অবহিত করেন যে, আরএডিপিতে তাঁর প্রকল্পের অনুকুলে ৮২.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রূত চালু করার নিমিত্ত কৃষক দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি তাগিদ প্রদান করেন। তাছাড়া প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার সর্বাত্মক উদ্যোগ গ্রহণ, প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং এবং প্রকল্পের স্ট্রিয়ারীং কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের মেয়াদকাল ০১ বছর বৃদ্ধি বিষয়ে যাবতীয় কার্যক্রম গ্রহণ ও ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ করার জন্য সভাপতি উপ-প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন। আগামী অর্থ বছরের শুরুতেই কর্মপরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যক্রম আরাম্ভ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। শস্যগুদামের মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন হলে দ্রুতভাবে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নিয়ে শস্য গুদাম ঋণ কার্যক্রম উদ্ধোধন এবং উদ্বোধনের সময় গুদামে ফলক স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে নির্দেশনা প্রদান করা হয়। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৩.১** | প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রূত চালু করার নিমিত্ত কৃষক দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৩.২** | শস্যগুদামের মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন হলে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নিয়ে শস্য গুদাম ঋণ কার্যক্রম উদ্ধোধন করতে হবে এবং উদ্বোধনের সময় গুদামে ফলক স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৩.৩** | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার উদ্যোগ গ্রহণ, বাস্তবায়ন কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং এবং স্ট্রিয়ারীং কমিটির সভায় সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের প্রেক্ষিতে প্রকল্পের মেয়াদকাল ০১ বছর বৃদ্ধি বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৩.৪** | আগামী অর্থ বছরের শুরুতেই কর্মপরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যক্রম শুরুর নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |

**৩.৪: পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৫-১৬ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৩৮৩.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ মোট ২৮৭.২৫ লক্ষ টাকা ছাড় হয়েছে। মার্চ, ২০১৬ পর্যন্ত ২১২.৬৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৫৫.৫২%। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি ত্বরান্বিত করার জন্য এবং বাস্তবায়ন অগ্রগতি কাঙ্খিত পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য সর্বাত্বক প্রচেষ্টা গ্রহণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পের আওতায় সংস্কারকৃত

শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রূত চালু করার নিমিত্ত কৃষক গ্রুপ গঠণ, গুদাম উপদেষ্ঠা কমিটি গঠণ ও ব্যাংক ঋনের বিষয়ে গ্রুপ এর সাথে স্থানীয় ব্যাংক এর লিংকেজ স্থাপনের জন্য সভাপতি পুনরায় তাগিদ প্রদান করেন। তাছাড়া বিদ্যমান অর্থ বছরে কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত এসেম্বল সেন্টারের নির্মাণ কাজ ৩০শে মে,২০১৬ তারিখের মধ্যে শেষ করার জন্য নির্মাণকারী সংস্থাকে তাগিদ পত্র দিতে প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করা হয়। অধিকন্তু এছাড়া আগামী ২০১৬-১৭ অর্থবছরে নির্মিতব্য এসেম্বল সেন্টার নির্মাণের ক্ষেত্রে সকল ধরনের প্রাথমিক কাজ যেমনঃ স্থান নির্বাচন, ড্রইং, ডিজাইন, ব্যয় প্রাক্কলন ইত্যাদি চূড়ান্ত করার লক্ষ্যে পিআইডব্লু সাথে পত্রের মাধ্যমে যোগাযোগ পূর্বক দ্রুততার সাথে সম্পন্ন করতে এবং স্থানীয় প্রশাসনের সাথে এমওইউ চূড়ান্ত করতে হবে। ২০১৫-১৬ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ মে,২০১৬ তারিখের মধ্যে সম্পন্নের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। নতুন শস্যগুদামের মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন হলে স্থানীয় চেয়ারম্যানকে দিয়ে শস্য গুদাম ঋণ কার্যক্রম উদ্বোধন করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৪.১** | বিদ্যমান অর্থ বছরে কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত এসেম্বল সেন্টারের নির্মাণ কাজ ৩০শে মে,২০১৬ তারিখের মধ্যে শেষ করার জন্য নির্মাণকারী সংস্থাকে তাগিদ পত্র দিতে হবে। | প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৪.২** | ২০১৫-১৬ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ মে,২০১৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৪.৩** | আগামী ২০১৬-১৭ অর্থবছরে নির্মিতব্য এসেম্বল সেন্টার নির্মাণের ক্ষেত্রে সকল ধরনের প্রাথমিক কাজ যেমনঃ স্থান নির্বাচন, ড্রইং, ডিজাইন, ব্যয় প্রাক্কলন ইত্যাদি চূড়ান্ত করার লক্ষ্যে পিআইডব্লু সাথে পত্রের মাধ্যমে যোগাযোগ পূর্বক দ্রুততার সাথে সম্পন্ন করতে এবং স্থানীয় প্রশাসনের সাথে এমওউ চূড়ান্ত করতে হবে। | প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৪.৪** | নতুন শস্যগুদামের মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন হলে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নিয়ে শস্য গুদাম ঋণ কার্যক্রম উদ্ধোধন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উদ্বোধনের সময়ে ফলক স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| **৩.৪.৫** | কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার সর্বাত্মক উদ্যোগ গ্রহণ এবং নিয়মিতভাবে বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং করতে হবে। | প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |

**৩.৫: "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের** অনুকূলে ২০১৫-১৬ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৮৫.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ মোট ৬৩.৭৫ লক্ষ টাকা ছাড় হয়েছে। মার্চ, ২০১৬ পর্যন্ত ৬১.৯৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৭২.৯৩%। সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টারের জন্য বিএডিসি হতে জায়গা বরাদ্দ পাওয়ায় এতদ্‌সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি এসেম্বল সেন্টার নির্মাণের জন্য জায়গা চুড়ান্তকরণের লক্ষ্যে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ পূর্বক দ্রুত সময়ের মধ্যে MOU স্বাক্ষরের বিষয়ে প্রকল্প পরিচালককে অনুরোধ জানান। এছাড়া সিলেট জেলায় অফিস কাম ট্রেনিং এন্ড প্রসেসিং সেন্টার নির্মাণের জন্য পিডব্লিউডি কে পত্র ও ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে প্রকল্প পরিচালককে পরামর্শ প্রদান করা হয়। প্রকল্পের নবনিযুক্ত ফিল্ড অফিসারগণ সংশ্লিষ্ট জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারীর (ডিএমও/এমআই) কার্যালয় হতে তাদের প্রকল্প অফিসের কার্যক্রম পরিচালনা করবেন মর্মে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া প্রকল্পের অন্যান্য কাজ গুলো যেমন গাড়ীক্রয়, প্রশিক্ষণ প্রদান, কৃষক বিপণন দল গঠন, আউট সোসিং পদ্ধতিতে জনবল নিয়োগ ইত্যাদি কার্যক্রম ৩০ মে, ২০১৬ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করা হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৫.১** | প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও সুনামগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণের জন্য জায়গা বিষয়ে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ পূর্বক দ্রুততম সময়ের মধ্যে MOU স্বাক্ষরের পদক্ষেপ নিতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক, চট্টগ্রাম<br>ও<br>প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| **৩.৫.২** | সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টারের জন্য বিএডিসি হতে জায়গা বরাদ্দ পাওয়ায় এতদ্‌সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহন করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| **৩.৫.৩** | প্রকল্পের অন্যান্য কাজ গুলো যেমন গাড়ীক্রয়, প্রশিক্ষণ প্রদান,কৃষক বিপণন দল গঠন আউট সোসিং পদ্ধতিতে জনবল নিয়োগ ইত্যাদি কাজ গুলো মে,২০১৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| **৩.৫.৪** | গাড়ী ক্রয়ের পর অবশিষ্ট অব্যয়িত অর্থ থেকে সম্পদ সংগ্রহ তথা কম্পিউটার ও ফার্নিচার ক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| **৩.৫.৫** | প্রকল্পের নবনিযুক্ত ফিল্ড অফিসারগণ সংশ্লিষ্ট জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারীর (ডিএমও/এমআই) কার্যালয় হতে তাদের প্রকল্প অফিসের কার্যক্রম পরিচালনা করবেন। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প<br>ও<br>সহকারী পরিচালক (প্রঃ) |

**৩.৬: সমাপ্ত ফার্মার'স মার্কেটিং গ্রুপ (এফএমজি) শক্তিশালীকরণের মাধ্যমে উত্তর-পশ্চিমাঞ্চলে নির্মিত মার্কেটসমূহের বিপণন সেবা জোরদারকরণ কর্মসূচী (সমাপ্ত)** সাবেক কর্মসূচী পরিচালক সভায় জানান যে, সমাপ্ত কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছিল তার পুর্নাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়ে নিয়মিত তদারকী

করা হচ্ছে। রাজশাহী, নাটোর, রংপুর, নওগাঁ ও নীলফামারী জেলার ১৬টি এনসিডিপি'র বন্ধ মার্কেটসমূহ কার্যকরভাবে চালুকরণের জন্য আরো উদ্যোগ গ্রহন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। বন্ধ এনসিডিপি মার্কেট সমূহ চালু করতে অধিদপ্তরের প্রধান (গঃ ও উঃ) ও বিভাগীয় উপ-পরিচালক, রাজশাহী যৌথ উদ্যোগে দ্রুত সময়ে কাজ শেষ করে সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য একটি পুর্নাঙ্গ প্রতিবেদন পেশ করার জন্য সভায় নির্দেশানা প্রদান করা হয়। ইতোপূর্বে মার্কেট প্রতিনিধিকে প্রদত্ত ব্যানার ও মার্কেটে রক্ষিত ওজন পরিমাপক যন্ত্র গুলো সঠিক ভাবে ব্যবহৃত হচ্ছে কিনা তা মনিটরিং করাসহ এতদ্সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করার জন্য সভাপতি, পুনরায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া যে মার্কেটগুলো আদৌ চালু হবেনা সে বিষয়ে একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল ও এগুলো ব্যবহারের মোডালিটি নির্ধারনের জন্য পরামর্শ প্রদান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৬.১** | সমাপ্ত কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছিল তার পুর্নাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিভাগীয় উপ-পরিচালক তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগন সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী। |
| **৩.৬.২** | ইতোপূর্বে মার্কেট প্রতিনিধিকে প্রদত্ত ব্যানার ও মার্কেটে রক্ষিত ওজন পরিমাপক যন্ত্র গুলো সঠিক ভাবে ব্যবহৃত হচ্ছে কিনা তা মনিটরিং করাসহ এতদ্সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক, রাজশাহী ও কর্মসূচী পরিচালক , এফএমজি কর্মসূচী (সমাপ্ত)। |
| **৩.৬.৩** | বন্ধ এনসিডিপি মার্কেট সমূহ চালু করতে অধিদপ্তরের প্রধান (গঃ ও উঃ) ও বিভাগীয় উপ-পরিচালক, রাজশাহী যৌথ উদ্যোগে দ্রুত সময়ে কাজ শেষ করে সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য একটি পুর্নাঙ্গ প্রতিবেদন পেশ করবেন। | প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ- পরিচালক ও কর্মসূচী পরিচালক , এফএমজি কর্মসূচী (সমাপ্ত)। |

**৩.৭: "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী "** বিষয়ে কর্মসূচী পরিচালক সভায় অবহিত করেন যে, ইতোমধ্যে কর্মসূচীর আওতায় কৃষক বিপণন দল গঠনের জন্য নির্বাচিত জেলা অফিসসমূহে পত্র প্রেরণ করা হয়েছে। ২০১৫-১৬ অর্থ বছরে ০৩ টি জেলা যথাক্রমে রংপুর, দিনাজপুর ও নীলফামারী জেলার নির্বাচিত ১০ টি উপ-জেলায় ১০টি আলুর মডেল ঘর তেরীর উদ্যেগ নেয়া হয়েছে। যেহেতু কর্মসূচীর অর্থ ছাড়ে কিছুটা বিলম্ব হয়েছে সেহেতু দ্রুত সময়ের মধ্যে কর্মসূচীর ২০১৫-১৬ অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রেরণ, টেন্ডার কমিটি গঠন এর জন্য প্রস্তাব প্রেরণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। যে সকল জেলায় কর্মসূচী বাস্তবায়ন করা হবে উক্ত জেলার জেলা বাজার কর্মকর্তা ও বাজার অনুসন্ধানকরীদের নিয়ে সুবিধা জনক স্থানে মে, ২০১৬ মাসের মধ্যে একটি টিওটি প্রশিক্ষণের আয়োজন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কর্মসূচীর কার্যক্রম মনিটরিং এর জন্য উপ-পরিচালক, রাজশাহীকে প্রধান করে একটি মনিটরিং টীম গঠন করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। নির্বাচিত ১০ টি উপ-জেলার যেসকল স্থানে ১০টি আলুর মডেল ঘর তৈরী করা হবে উক্ত জায়গার মালিকদের সাথে একটি ছোট আকারের এমওইউ সম্পন্ন করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কর্মসূচীর আওতায় যে সকল প্রচার ও প্রকাশনা মূলক কার্যক্রম গ্রহন করা হবে

তার উদ্যোগ এ বছরেই গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। যে সকল এলাকায় আলুর ঘর তৈরী করা হবে উক্ত ঘরের উদ্যেশ্য, লক্ষ্য ও উপকারীতা উল্লেখ্য পূর্বক একটি প্রদশর্নী বোর্ড লাগানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া আলুর ঘর ব্যবহারের নীতিমালা ও নির্দেশিকা প্রণয়নের জন্যও সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৭.১** | দ্রুত সময়ের মধ্যে কর্মসূচীর ২০১৫-১৬ অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রেরণ, টেন্ডার কমিটি গঠন এর জন্য প্রস্তাব প্রেরণ করতে | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| **৩.৭.২** | যে সকল জেলায় কর্মসূচী বাস্তবায়ন করা হবে উক্ত জেলার জেলা বাজার কর্মকর্তা ও বাজার অনুসন্ধানকরীদের নিয়ে সুবিধা জনক স্থানে মে, ২০১৬ মাসের মধ্যে একটি টিওটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| **৩.৭.৩** | কর্মসূচীর কার্যক্রম মনিটরিং করার জন্য উপ-পরিচালক, রাজশাহীকে প্রধান করে একটি মনিটরিং টীম গঠন করতে হবে। | উপ-প্রধান (পার: ও উ:) |
| **৩.৭.৪** | নির্বাচিত ১০ টি উপ-জেলার যেসকল জমিতে ১০টি আলুর মডেল ঘর তেরী করা হবে উক্ত জায়গার মালিকদের সাথে একটি ছোট আকারের এমওইউ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| **৩.৭.৫** | যে সকল এলাকায় আলুর ঘর তেরী করা হবে উক্ত ঘরের উদ্যেশ্য, লক্ষ্য ও উপকারীতা উল্লেখ্য পূর্বক একটি প্রদশর্নী বোর্ড লাগাতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| **৩.৭.৬** | আলুর ঘর ব্যবহারের নীতিমালা ও নির্দেশিকা প্রণয়ন পূর্বক সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |

**৩.৮: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** অর্থ বছরের (২০১৫-১৬) কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পে দরপত্রের কার্যাদেশ আবশ্যিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে এবং সকল ক্রয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে কার্যাকর পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যাকর পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.৮.১** | বিদ্যমান অর্থ বছরের (২০১৫-১৬) কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্রের কার্যাদেশ অনুযায়ী কর্ম সম্পাদনের উদ্যোগ নিতে হবে। | সকল প্রকল্প পরিচালক |
| **৩.৮.২** | সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর,২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যাকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক |

**৪-বিবিধঃ** প্রত্যেক প্রকল্প পরিচালক কর্তৃক সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত ভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা, পণ্য ,সংস্কার মূলক কার্যক্রম ও কৃষক দল গঠন করা হয়েছে তার পূর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করার জন্য সভাপতি তাগিদ প্রদান করেন। এসকল বিষয় বিভাগীয় উপ-পরিচালকগণ তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগন সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন মর্মে নির্দেশনা দেয়া হয়। সভায় উল্লেখ করা হয় যে, অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য প্রকল্প/কর্মসূচীর আওতায় গঠিত কৃষক বিপণন দল এর সম্পূর্ণ তথ্য এখনও পাওয়া যায়নি। সভাপতি যে সকল প্রকল্প/কর্মসূচী হতে এখনও তথ্য পাওয়া যায়নি তাদেরকে তথ্য প্রেরণের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া বর্তমান সরকার কৃষি ভাবনা নামে একটি ওয়েব সাইট চালু করা হয়েছে উক্ত ওয়েব সাইটে কৃষি বিপণন অধিদপ্তরের তথ্য দেয়ার জন্য সকলকে অনুরোধ করা হয়। এছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে সকল কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে লিংক করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। অধিদপ্তরের বাস্তবায়িত প্রকল্প সমূহে প্রকল্প সম্পর্কিত ছবি সোসাল মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া গত এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী অর্থবছর হতে প্রতিটি প্রকল্পের সিপিএম প্রণয়ন করার নিমিত্ত প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সচেষ্ট হতে হবে।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৪.১** | সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা নির্মাণ, পণ্য সংগ্রহ সংস্কার মূলক কার্যক্রম গ্রহণ ও কৃষক দল গঠণ করা হয়েছে তার পুনাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করতে হবে এবং এ বিষয় বিভাগীয় উপ-পরিচালকগণ তদারকী করবেন ও জেলা বাজার কর্মকর্তাগন সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক |
| ৪.২ | যে সকল প্রকল্প ও কর্মসূচী হতে গঠিত কৃষক বিপণন দল/কৃষক দল এর তথ্য পাওয়া যায়নি তাদেরকে সংশ্লিষ্ট তথ্য দ্রুত সময়ের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক |

| | | |
|---|---|---|
| ৪.৩ | অধিদপ্তরের বাস্তবায়িত চলমান ও সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় অনুষ্ঠিত ও অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ এর তথ্য সদর দপ্তর হতে প্রেরিত ছক মোতাবেক প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প/ কর্মসূচী পরিচালক |
| ৪.৪ | সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত আকারে মহাপরিচালক বরাবর পেশ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক |
| ৪.৫ | বর্তমান সরকার কৃষি ভাবনা নামে একটি ওয়েব সাইট চালু করা হয়েছে উক্ত ওয়েব সাইটে কৃষি বিপণন অধিদপ্তরের তথ্য পেশ করতে হবে। | সকল প্রকল্প/ কর্মসূচী পরিচালক |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৫- তারিখঃ -০৫-২০১৬।

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৭-০৪-২০১৬ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (মার্চ/২০১৬ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৭-০৪-২০১৬ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (মার্চ/২০১৬ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরনী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং এপ্রিল, ২০১৬ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামী ২২-০৫-২০১৬ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ anarul@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ১১ (এগার) পাতা।

(আনারুল কবির )
উপ-প্রধান (পরিঃ ও উন্নয়ন)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: dc_p@dam.gov.bd

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

০১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপ-পরিচালক (আরইটিসি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৩। উপ-পরিচালক (বাজার তথ্য), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৪। উপ-প্রধান (পরিকল্পনা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৫। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম বিভাগ।
০৬। উপ পরিচালক (শগঋপ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৭। প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৮। উপ-প্রকল্প পরিচালক, মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), কুষ্টিয়া।

০৯। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
১০। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।